

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬০৮

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ (২৩) নফল সিয়াম প্রসঙ্গে বর্ণনা - যে ব্যক্তি ধারণা করে যে, দিবসের কিয়দংশ সিয়াম রাখা যায় না, তার কথা অপনোদনকারী হাদীস

23 _ بَابُ صَوْمِ التَّطَوُّعِ _ ذكر الخبر المدحض قول من زعم أن بَعْضَ النَّهَارِ لَا يَكُونُ صَوْمًا

আরবী

3608 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ عَنْ سُفْيَانَ عَنْ حُصيَيْنِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنِ الشَّعْبِيِّ عَنْ مُحَمَّدِ بْنِ صَيْفِيِّ الْأَنْصَارِيِّ قَالَ: خَرَجَ عَلَيْنَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَوْمَ عَاشُورَاءَ فَقَالَ: (هَلْ مِنْكُمْ أُحدٌ طَعِمَ الْيَوْمَ؟) قَالُوا: مِنَّا مَنْ طَعِمَ ومِنَّا مَنْ لَمْ يَطْعَمْ فَقَالَ: (مَنْ كَانَ لَمْ يَطْعَمْ مِنْكُمْ فَلْيَصِمُ وَمَنْ طَعِمَ فَلْيُتِمَّ بَقِيَّةَ يَوْمِهِم) يَوْمِهِ وَآذِنُوا أَهْلَ الْعَرُوضِ فَلْيُتِمُّوا بَقِيَّةَ يومِهم)

الراوي: مُحَمَّد بْن صَيْفِيِّ الْأَنْصَارِيّ | المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3608 ا خلاصة حكم المحدث: صحيح _ ((الصحيحة)) (2624).

বাংলা

৩৬০৮. মুহাম্মাদ বিন সাইফী আল আনসারী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একদিন আশুরার দিন আমাদের উদ্দেশ্যে বের হয়ে আসেন, অতঃপর তিনি বলেন, "তোমাদের মাঝে আজকে কেউ কি খাবার গ্রহণ করেছে?" সাহাবীগণ জবাব দিলেন, "আমাদের মাঝে কেউ খাবার গ্রহণ করেছেন আবার কেউ খাবার গ্রহণ করেননি।" তখন তিনি বলেন, "তোমাদের মাঝে যে খাবার খায়নি, সে যেন সিয়াম রাখে আর যে খাবার খেয়ে নিয়েছে, সে যেন বাকি দিন পূর্ণ করে। আর তোমরা পার্শ্ববর্তী এলাকার লোকদের জানিয়ে দিবে যে, তারা যেন আজকের বাকি অংশ পূর্ণ করে (দিনের বাকী অংশে আর কিছু যেন না খায়)।"[1]



ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/৩৮৮; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৫৪-৫৫; নাসাঈ: ৪/১৯২; সহীহ ইবনু খুযাইমাহ: ২০৯১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২৬২৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মুহাম্মাদ বিন সাইফী আল আনসারী (রা.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন